রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**পরিকল্পনা শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/০৭ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ২৫.০৩২.১৪.০০.০০.০০৯.২০১৫-১৬৫**—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০, তারিখ ২২ জুন ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয়।

২। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয়।



**মূল্য ঃ** টাকা ৪.০০

৩। মন্ত্রিসভা কমিটির ২২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভায় নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানাধীন বরুনা, নাওড়া, বসুলিয়া, কায়েমসাইর, কেরানীগঞ্জ, হরিনাগ্রাম, মাজিনা, বারিয়াছনি, গজারিয়া, বাঘবের ও তালাশকোট মৌজায় অবস্থিত ইস্ট ওয়েস্ট প্রপার্টি ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ এর বসুন্ধরা আবাসিক প্রকল্পের ড্যাপে চিহ্নিত ভূমি ব্যবহার শ্রেণী Urban Residential Zone এ পরিবর্তনের আবেদন নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে অনুমোদন করা হয়, যা এতদ্বারা প্রকাশ করা হলো ঃ

**শর্ত :** পানি নিষ্কাশন কিংবা ওয়াটার বডি সংশ্লিষ্ট হওয়ায় Water Modeling সম্পন্ন করে প্রাপ্ত সুপারিশ সংশ্লিষ্ট আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

৪। উল্লেখ্য, ইস্ট ওয়েস্ট প্রপার্টি ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ এর বসুন্ধরা আবাসিক প্রকল্পের আবেদনে উল্লিখিত ভূমির তফসিল ও সীমানা চিহ্নিত নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে। উল্লিখিত ভূমির শ্রেণি পরিবর্তনের বিষয়ে জমির দাগভিত্তিক অবস্থান রাজউক পরীক্ষা-নিরীক্ষা করে বিধি-বিধানের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত শর্ত প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম মোছাদ্দেক**
সিনিয়র সহকারী প্রধান।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd